
# ভোরের ডাক



ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের এমবিএ ভর্তি পরীক্ষা গতকাল শনিবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য অধ্যাপক ড. সায়মা হক বিদিশা পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় আইবিএ'র পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন।

# দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) এমবিএ ভর্তি পরীক্ষা শনিবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় আইবিএ'র পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন

-বর্তমান

# The Bangladesh Post

## DU launches shuttle bus service for students on trial basis

*Education Desk*



Dhaka University (DU) has launched a shuttle bus service on a three-month trial basis to ease student commute on campus.

DU Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan officially inaugurated the shuttle bus service at a ceremony held on the university campus on Thursday.

The service aims to alleviate transportation challenges for students moving between various departments, residential halls, and other facilities.

Professor Dr. Niaz said that although the shuttle bus service has a limited capacity, it has been introduced to facilitate students' internal movement on campus.

He extended his heartfelt congratulations to everyone involved in the initiative. Emphasizing the importance of proper supervision, maintenance, and control of the service, he urged that all stakeholders, including students, must play their part in ensuring its success.

He also mentioned that if the pilot project proves successful in improving campus transportation, it could be expanded in the future. Dhaka University launches shuttle bus service on trial basis for students

DU Pro VC (Admin) Professor Dr. Sayema Haque Bidisha, Proctor Dr. Saifuddin Ahmed, and other university officials were present at the event.

The shuttle buses are non-AC minibuses, and they will operate from 7 am to 9 pm on three specific routes across the campus.

The routes are designed to cover key locations such as academic buildings, student halls, and other prominent points within the university:

Route 1: Kabi Sufia Kamal Hall to Nilkhet Intersection (via Amar Ekushey Hall, Shahidullah Hall, Curzon Hall, Mokarram Bhaban, Science Annex Bhaban, TSC, Arts Building, and Mall Chattar).

Route 2: Nilkhet Intersection to Kabi Sufia Kamal Hall (via Mall Chattar, Business Faculty, Lecture Theater Building, Modhur Canteen, Central Library, Fine Arts Faculty, TSC, Institute of Nutrition and Food Science, and Curzon Hall).

Route 3: Kabi Sufia Kamal Hall to Nilkhet Intersection (via Amar Ekushey Hall, Shahidullah Hall, Curzon Hall, Mokarram Bhaban, Science Annex Bhaban, Jagannath Hall, SM Hall, Fuller Road, and Mall Chattar).

# The Country Today

## DU shuttle bus service launched

**City Desk**

Dhaka University (DU) authorities have launched shuttle bus service for three months on experimental basis to ease students' travel within the campus.

DU Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan inaugurated the service at a function in the premises of the university's Nabab Nawab Ali Chowdhury Senate Building this afternoon.

Addressing the function Vice-Chancellor said, the pilot project would be expanded if the bus service brings positive changes in the transportation system.

DU Pro VC (admin) Professor Dr. Sayema Haque Bidisha, Proctor Dr. Saifuddin Ahmed, Registrar Munsi Shams Uddin Ahmed and Provost Standing Committee Convener Professor Dr. Abdullah Al Mamun were present.

Initially, three non-AC minibuses started plying from today which will operate from 7 am to 9 pm on three routes.

The first route is from Kabi Sufia Kamal Hall to Nilkhet crossing via Amar Ekushey Hall, Shahidullah Hall, Curzon Hall, Mokarram Bhaban, Science Annex Bhaban, TSC, Arts building and Mall Chattar.

The second route is from Nilkhet intersection to Sufia Kamal Hall by crossing Mall Chattar, Business Faculty, Lecture Theater Building, Modhu's Canteen, Central Library, Fine Arts Faculty, TSC, Institute of Nutrition and Food Science and Curzon hall.

The third route is from Sufia Kamal Hall to Nilkhet intersection via Amar Ekushey Hall, Shahidullah Hall, Curzon Hall, Mokarram Bhaban, Science Annex Bhaban, Jagannath Hall, SM Hall, Fuller Road and Mall Chattar.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## জনকণ্ঠ

### আজ বিজয় র‍্যালি করবে ঢাকা বিশ্ববিদ্যালয়

জনকণ্ঠ ডেস্ক ॥ বিজয়ের মাস ডিসেম্বর। মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে আজ বিজয় র‍্যালি করবে ঢাকা বিশ্ববিদ্যালয়। সকাল পৌনে ৮টায় র‍্যালিটি শুরু হবে।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান র‍্যালির নেতৃত্বে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু করে টিএসসি হয়ে স্মৃতি চিরন্তন চত্বরে গিয়ে শেষ হবে। র‍্যালি শেষে স্মৃতি চিরন্তন চত্বরে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে দেশাত্মবোধক গান (মুক্তির গান ও বিজয়ের গান) পরিবেশিত হবে। বিজয় র‍্যালি বিশ্ববিদ্যালয়ের সিনেট-সিন্ডিকেট সদস্য, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ এই র‍্যালিতে অংশগ্রহণ করার কথা রয়েছে।

## নয়াদিগন্ত

### ঢাবিতে আজ বিজয় র‍্যালি বের করা হবে

মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আজ রোববার সকাল ৭.৪৫টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিজয় র‍্যালি বের করা হবে। ঢাবির ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান র‍্যালির নেতৃত্ব দেবেন। বিজয় র‍্যালিতে অংশগ্রহণের লক্ষ্যে আজ সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত হওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের সিনেট-সিন্ডিকেট সদস্য, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি অনুরোধ করা হয়েছে। র‍্যালিটি অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু করে টিএসসি হয়ে স্মৃতি চিরন্তন চত্বরে গিয়ে শেষ হবে।

র‍্যালি শেষে স্মৃতি চিরন্তন চত্বরে ঢাকা বিশ্ববিদ্যালয় সঙ্গীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে দেশাত্মবোধক গান (মুক্তির গান ও বিজয়ের গান) পরিবেশিত হবে। বিজ্ঞপ্তি।

## কালের কণ্ঠ

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে শীত ও গ্রীষ্মকালীন ছুটি কমল

কালের কণ্ঠ ডেস্ক ▷

একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে 'লুজ রিকভারি প্ল্যান' অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) শীত ও গ্রীষ্মকালীন ছুটি কমানোর সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল শনিবার ঢাবির জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ রফিকুল ইসলামের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে 'লুজ রিকভারি প্ল্যান' অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আংশিক পরিবর্তন করা হয়েছে। ২০২৪ সালের শীতকালীন ছুটি আগামী ৮ থেকে ২২ ডিসেম্বরের পরিবর্তে ৮ থেকে ১৯ ডিসেম্বর এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আগামী ১ থেকে ২৬ জুনের পরিবর্তে ১ থেকে ১২ জুন নির্ধারণ করা হয়েছে।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী শীতকালীন ছুটি তিন দিন এবং গ্রীষ্মকালীন ছুটি ১৪ দিন কমানো হয়েছে।

## আজকালের খবর

### ঢাবির শীত ও গ্রীষ্মকালীন ছুটি পরিবর্তন

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আংশিক পরিবর্তন করা হয়েছে। ঢাবি কর্তৃপক্ষের এক বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়েছে। এই অনুযায়ী ২০২৪ সালের শীতকালীন ছুটি আগামী ৮-২২ ডিসেম্বরের পরিবর্তে ৮-১৯ ডিসেম্বর এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আগামী ১-২৬ জুন-এর পরিবর্তে ১-১২ জুন নির্ধারণ করা হয়েছে। এই সিদ্ধান্ত শুধু ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## জনকণ্ঠ

### ঢাবির শীতকালীন ও গ্রীষ্মকালীন ছুটি পরিবর্তন

জনকণ্ঠ ডেস্ক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে 'লস রিকভারি প্ল্যান' অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আংশিক পরিবর্তন করা হয়েছে। এই অনুযায়ী ২০২৪ সালের শীতকালীন ছুটি আগামী ৮-২২ ডিসেম্বরের পরিবর্তে ৮-১৯ ডিসেম্বর এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আগামী ১-২৬ জুন-এর পরিবর্তে ১-১২ জুন নির্ধারণ করা হয়েছে। এই সিদ্ধান্ত শুধু ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

# দৈনিক বর্তমান




ঢাকা বিশ্ববিদ্যালয় কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের নবীন বরণ শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারপার্সন শারমীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিভাগের অধ্যাপক ড. হাকিম আরিফ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন -বর্তমান